দৈনিক ইত্তেফাক

তারিখ 14 JAN 198[illegible] পৃষ্ঠা ... ১ ... কলাম

001

১৪

# শীতে ১২ জনের মৃত্যু ঃ দিনাজপুরে স্কুল-কলেজ বন্ধ

( ইত্তেফাক রিপোর্ট )

প্রচণ্ড হিম ও কুয়াশায় সমগ্র দিনাজপুরে জনজীবন নিশ্চল হইয়া পড়িয়াছে। শীতের প্রকোপ সহিতে না পারিয়া দিনাজপুরে সকল শিক্ষায়তন বন্ধ রাখা হইয়াছে। ঢাকায় তাপমাত্রা ৬ দশমিক ৭ সেলসিয়াছে নামিয়াছিল। সাইবেরীয় হিমপ্রবাহের প্রকোপে শ্রীমঙ্গলে তাপমাত্রা ২০, বৎসরের মধ্যে সর্বনিম্ন মাত্রায় নামিয়া আসে। সিলেটে আরও একজনের প্রাণহানির ফলে চলতি শৈত্যপ্রবাহে সারাদেশে মোট প্রাণহানি গতকাল ১২-এ উঠিয়াছে। তন্মধ্যে যশোহর ও চুয়াডাঙ্গায় ২ জনের মৃত্যু ঘটিয়াছে।

আবহাওয়া দফতরের পরিচালক গতরাত সাড়ে ১১টায় জানান, থার্মোমিটারে তাপমাত্রা বাড়িতে শুরু করিয়াছে। তিনদিনের মধ্যে মওসুমের প্রথম শৈত্যপ্রবাহ কাটিয়া যাইবে।

সংবাদদাতা জানান, গতকাল পূর্বাহ্ন ১১টা পর্যন্ত দিনাজপুরে ঘন কুয়াশায় সূর্যের মুখ দেখা যায় নাই। শীতের দাপটে লোকজন ঘর ছাড়িয়া অফিস-আদালতে

( শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ )

শীতে ১২ জনের মৃত্যু

( [illegible]ম পৃঃ পর )

[illegible] প্রবাহিতেছে [illegible]ব কম। দোকানপাট, যানবাহন ও লোক চলাচল বন্ধ হইয়া জনজীবন নিস্পন্দ হইয়া পড়িয়াছে। স্থানীয় প্রশাসনিক কর্তৃপক্ষ দিনাজপুরে আবহাওয়া অফিস দিবারাত্র খোলা রাখার পরামর্শ দিয়াছেন। দিনাজপুর-ঠাকুরগাঁ সড়কে ঘনকুয়াশার কারণে দুর্ঘটনায় ১৪ [illegible]ন আহত হইয়াছে।

হিমপ্রবাহের এ সর্বনিম্ন তাপমাত্রা পরিমাপ হয় ভোররাতে, সর্বোচ্চ তাপমাত্রা পরিমাপ হয় বিকালে। বৃহস্পতিবার ভোররাতের তুলনায় গতকাল ভোররাতে ঢাকায় শীত ছিল বেশী। ৯ দশমিক ৪ ডিগ্রী হইতে একদিনে ঢাকায় তাপমাত্রা ৬ দশমিক ৭ ডিগ্রীতে নামে তবে গতকাল সারাদিনে তাপমাত্রা ছিল ২২/২৩ ডিগ্রী। গতরাতে তাপমাত্রা প্রায় ১ ডিগ্রী বাড়িয়া যায়। আবহাওয়া বিভাগের পরিচালক হামিদুজ্জামান খান চৌধুরী জানান, রাজশাহী হইতে ঢাকার দিকে তাপমাত্রা কিঞ্চিৎ বাড়িয়া শীত শ্রীমঙ্গলের দিকে সরিতেছে। ইহার অর্ধ; পশ্চিমা লঘুচাপের প্রভাব ধীরে ধীরে প্রবেশ করি- তেছে। সোমবার নাগাদ ঢাকায় ভোররাতের তাপমাত্রা ১০ ডিগ্রীতে পৌছিলে জনসাধারণের কাছে এত শীত আর অনুভূত হইবে না। তিনি অবশ্য জানান, অতঃপর ২১শে জানুয়ারী নাগাদ দ্বিতীয় শৈত্যপ্রবাহ প্রায় এমন প্রচণ্ডতা লইয়া আসার আগে সপ্তাহকাল বাংলাদেশে শীত কম অনুভব হইবে।

শুক্রবার ভোর রাতে পরিমাপ করা তাপমাত্রা অনুযায়ী, কক্সবাজার, চট্টগ্রাম, টেকনাফ ব্যতীত সারা বাংলাদেশে তাপমাত্রা ছিল ১০ ডিগ্রী সেলসিয়াসের কম। ঢাকার মত তাপমাত্রা বিরাজ করে টাঙ্গাইল, রংপুর, বগুড়ায়।

দিনাজপুর, ঈশ্বরদী ও যশোরে তাপমাত্রা ৬ ডিগ্রীর নীচে নামে। যশোরের সদর উপজেলার চানদুতিয়া গ্রামে হামেদ আলী (৭২), চুয়াডাঙ্গার মধুপুর গ্রামে কাঙ্গালী মণ্ডল (৮০) শীতে প্রাণ হারাইয়াছে বলিয়া গ্রামবাসী জানায়। সিলেটে ইলেকট্রিক সাপ্লাই রোডে একটি বালিকার শীতে প্রাণ হারাইয়াছে বলিয়া জনসাধারণ দাবী করে। তবে জেলা প্রশাসকের সহিত যোগাযোগ করা হইলে তিনি জানান, এমন কোন খবর তাহার জানা নাই। তবে শীত বৃহস্পতিবার রাতের তুলনায় কম।

শ্রীমঙ্গলে তাপমাত্রা ৪ দশমিক ৬ ডিগ্রীতে নামে। ১৯৬৮ সনের ফেব্রুয়ারী মাসে শ্রীমঙ্গলে তাপমাত্রা ২ দশমিক ৮ ডিগ্রীতে নামিয়াছিল। ইহার পর গত ২০ বৎসরে গতকালের মত এমন শীত আর সেখানে পড়ে নাই।

গতকাল সকাল প্রায় সাড়ে ৭ টায় খাণখাল্লীর নিকট দিনাজপুর ঠাকুরগাঁও সড়কে একটি বি আর টি সি বাস (ঢাকা-মেট্রো-চ-৭৩৯১) এবং একটি ট্রাকের (চট্ট-ন-৩৯১৯) সংঘর্ষে ১৪ জন আহত হয়। আহতদের দিনাজপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়। তাহাদের মধ্যে ৬ জনের অবস্থা আশঙ্কাজনক। ইহাদের মধ্যে ২ জনকে রংপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠান হইয়াছে। ঘন কুয়াশার মধ্যে এই দুর্ঘটনা ঘটে।